

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৩৪ - সূরা আ'রাফের ৯৯নং আয়াতের তাফসীর। এবং সূরা হিজরের ৫৬ নং আয়াতের তাফসীর।

১। আল্লাহ তাআলা এরশাদ করেছেন.

أَفَأُمِنُوا مَكْرَ اللَّهِ فَلَا يَأْمَنُ مَكْرَ اللَّهِ إِلَّا الْقَوْمُ الْخَاسِرُونَ. ﴿الاعراف: 99 ﴾

"তারা কি আল্লাহর পাকড়াও থেকে বাঁচার ব্যাপারে নিশ্চিন্ত [নির্ভয়] হয়ে গেছে? বস্তুতঃ আল্ল**াহর পাকড়াও** থেকে বাঁচার ব্যাপারে একমাত্র

হতভাগ্য ক্ষতিগ্রস্ত ছাড়া অন্য কেউ ভয়-হীন হতে পারে না।" (আরাফঃ ৯৯)।

২। আল্লাহ তাআলা আরো এরশাদ করেছেন.

(اللهُ: وَمَنْ يَقْنَطُ مِنْ رَحْمَةِ رَبِّهِ إِلَّا الضَّالُّونَ. (ألحجر

"একমাত্র পথভ্রষ্ট লোকেরা ছাড়া স্বীয় রবের রহমত থেকে আর কে নিরাশ হতে পারে? (সূরা হিজর : ৫৬)

৩। ইবনে আববাস (রাঃ) থেকে বর্নিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল*ামকে কবীরা গুনাহ সম্পর্কে* জিজ্ঞাসা করা হলে তিনি জবাবে বলেছেন, 'কবীরা গুনাহ হচ্ছে .

ألشرك بالله، واليأس من روح الله، والأمن من مكر الله.

''আল্লাহর সাথে কাউকে শরিক করা, আল্ল**া**হর রহমত থেকে নিরাশ হওয়া এবং আল্লাহর পাকড়াও থেকে নিজেকে নিরাপদ মনে করা।''

৪। আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) বলেছেন,

أكبر الكبائر: الإشراك بالله، والأمن من مكر الله والقنوط من رحمة الله واليأس من روح الله. (رواه عبد الرزاق)

"সবচেয় বড় গুনাহ হচ্ছে : আল্লাহর শাস্তি হতে নিজেকে নিরাপদ মনে করা, আল্লাহর রহমত হতে নিরাশ হওয়া এবং আল্লাহর করুণা থেকে নিজেকে বঞ্চিত মনে করা।"

- এ অধ্যায় থেকে নিমোক্ত বিষয়গুলো জানা যায় .
- 🕽 । সূরা আ'রাফের ৯৯নং আয়াতের তাফসীর।
- ২। সূরা হিজরের ৫৬ নং আয়াতের তাফসীর।
- ৩। আল্ল**া**হর পাকড়াও থেকে ভয়হীন ব্যক্তির জন্য কঠোর শাস্তির ভয় প্রদর্শন।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=5110

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন